

## চেনা অপরাধ অচেনা কাহিনি : গোয়েন্দাকাহিনি পাঠের চিন্তনসূত্র

সম্পাদনাঃ ড অনামিকা দাস

প্রকাশকঃ সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

পরিবেশকঃ দে'জ পাবলিশিং, কলকাতা

বিনিময় মূল্যঃ ৩৫০টাকা

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদের অন্তর্ভুক্ত ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা সম্প্রতি 'চেনা অপরাধ অচেনা কাহিনি : গোয়েন্দাকাহিনি পাঠের চিন্তনসূত্র' শীর্ষক একটি গ্রন্থ প্রকাশ করেছে। গ্রন্থটির সম্পাদক বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক অনামিকা দাস। সম্পাদকীয় 'উপক্রমণিকা'র পর মোট সাতটি প্রবন্ধে গ্রন্থটি সজ্জিত। বিশিষ্ট লেখক শ্রী অরিন্দম দাশগুপ্তের দুটি প্রবন্ধ এখানে স্থান পেয়েছে---'শখের গোয়েন্দার অস্তিত্ব কি সংকটে?' এবং 'বিষ-বিষাক্ত-বিষময়'। 'অপরাধের মনস্তত্ত্ব' বিষয়ে সুচিন্তিত মত ব্যক্ত করেছেন মনস্তত্ত্ববিদ ডাক্তার অমিত চক্রবর্তী। 'অপরাধকাহিনি, অপরাধী, অপরাধ-কথক : শব্দ থেকে ইমেজের পথে' প্রবন্ধে যোধপুর আই.আই.টি.র মানববিদ্যা ও সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক পরিচয় পাত্রের মূল অন্বেষণ 'শুভ মহরৎ' চলচ্চিত্রকেন্দ্রিক অপরাধকাহিনির তাত্ত্বিক ও প্রায়োগিক দিক। আগাথা ক্রিস্টির বহুপাঠিত গোয়েন্দাকাহিনি 'The Murder of Roger Ackroyd'কে ভিন্ন আঙ্গিকে পাঠ করেছেন সম্পাদক স্বয়ং। বইটির শেষ দুটি প্রবন্ধের বিষয় 'বিষ'---প্রচলিত বিভিন্ন-গোয়েন্দাকাহিনিতে-প্রাপ্ত বিষের ব্যবহার মানবশরীরে কীভাবে ক্রিয়াশীল, পোস্টমর্টেমে সেই বিষ-অণুর উপস্থিতি সম্পর্কে কীভাবে সুনিশ্চিত হওয়া যায়, কোন্ বিষ কত মাত্রায় ব্যহার করলে তা সর্বোচ্চ মাত্রায় কার্যকরী---সাধারণ পাঠকের বোধগম্যতার প্রতি লক্ষ রেখেই সেই বিস্তৃত আলোচনায় গ্রন্থটিকে ঋদ্ধ করেছেন চন্দননগর কলেজের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ কিংশুক দাস।

\*বইটির পৃষ্ঠা সংখ্যা ১৭২, ডিমাই সাইজ,